# এক্সক্লুসিভ মডেল টেস্ট

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ০১

বিষয় কোড : | 2 | 7 | 2 |

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

## সমাজকর্ম দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। তাসনোভা যাহ্‌রা তৃতীয় শ্রেণির একজন শিক্ষার্থী। পড়ালেখার পাশাপাশি অবসর সময়ে সে টেলিভিশন দেখে, গল্পের বই পড়ে এবং খেলাধুলা করে। যা তার মানসিক বিকাশ ও সামাজিকীকরণের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

ক. মানবসভ্যতার ধারক ও বাহক কী? ১

খ. মৌলিক মানবিক চাহিদা হিসেবে খাদ্য কেন প্রয়োজন? ২

গ. উদ্দীপকে কোন মৌলিক মানবিক চাহিদা পূরণের বিষয়টি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে প্রকাশিত মৌলিক মানবিক চাহিদা পূরণের বর্তমান পরিস্থিতি বাংলাদেশের প্রেক্ষাপটে আলোচনা কর। ৪

২। বিগত বছরে হাওর অঞ্চলে অকাল বন্যায় কৃষকের প্রধান ফসল ধানের ব্যাপক ক্ষতি হয়। যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হওয়ায় শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর ক্লাস বন্ধ থাকে। জরুরি চিকিৎসা সেবায়ও সংকট দেখা দেয়। আয়-রোজগার না থাকায় অনেকে ক্ষতিগ্রস্ত ঘরবাড়ি মেরামত করতে পারেনি।

ক. জীবন রক্ষার জন্য কোন মৌল মানবিক চাহিদার প্রয়োজন? ১

খ. শিক্ষাকে কেন মৌল মানবিক চাহিদা বলা হয়? ২

গ. উদ্দীপকে কোন মৌল মানবিক চাহিদার অনুপস্থিতি লক্ষণীয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে অনুপস্থিত মানবজীবনের মৌল মানবিক চাহিদার তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৩। রিয়াদ বর্তমানে ক্লাসে অমনোযোগী। সে মাঝে মাঝে বিদ্যালয়েও যায় না। শ্রেণিশিক্ষক বিষয়টি উপলব্ধি করে একজন সমাজকর্মীর সাথে পরামর্শ করেন। এখন সে পড়াশোনায় মনোযোগী এবং প্রতিদিন বিদ্যালয়ে আসে।

ক. বাংলাদেশে কোন হাসপাতালে প্রথম চিকিৎসা সমাজকর্ম চালু হয়? ১

খ. প্রবীণ কল্যাণের একটি উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে সমাজকর্মের কোন বিশেষায়িত শাখার জ্ঞান প্রয়োগ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত শাখার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৪। ফারজানা হক পরিবারের একমাত্র সন্তান। মা-বাবা কাজের প্রয়োজনে বাইরে গেলে সে বাসায় একাকী থাকে। খেলার সঙ্গী পায় না। এ একাকীত্ব তাকে অসুস্থ করে তুলে। তার মধ্যে একধরনের ভ্রান্তি বা ব্যক্তিত্বের অস্বাভাবিকতা তৈরি হয়। সে বড় হলেও সবার সাথে মিলেমিশে চলতে পারে না। তাই তার মা-বাবা তার জন্য বড়ই দুশ্চিন্তাগ্রস্ত।

ক. বাংলাদেশে কোন মেডিকেল কলেজে প্রথম চিকিৎসা সমাজকর্ম কার্যক্রম শুরু হয়? ১

খ. বিদ্যালয় সমাজকর্ম বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে ফারজানা হকের চিকিৎসার জন্য সমাজকর্মের কোন শাখা উপযোগী? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত শাখা সমাজকর্মের পেশাগত বিকাশে কতটা কার্যকরী বলে তুমি মনে কর? ৪

৫। দিবা অষ্টম শ্রেণির ছাত্রী। সে JSC পরীক্ষার জন্য ফরম ফিলাপ করেছে। কিন্তু পরীক্ষার সময় স্বামী ও অভিভাবকগণ পরীক্ষা দিতে বারণ করায় পরীক্ষা দিতে পারেনি। যার ফলশ্রুতিতে দিবার লেখাপড়া বন্ধ হয়ে যায়। এটি একটি সামাজিক অপ্রত্যাশিত অবস্থা।

ক. গ্রিক Problema শব্দের অর্থ কী? ১

খ. যৌতুক একটি সামাজিক ব্যাধি—ব্যাখা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ঘটনাটি তোমার পাঠ্যবইয়ের কোন সমস্যার সাথে সাদৃশ্যপূর্ণ? আলোচনা কর। ৩

ঘ. উক্ত ঘটনাটি নিরসনের জন্য যে আইন প্রণয়ন করা হয়েছে তা যথার্থ কিনা বিশ্লেষণ কর। ৪

৬। জাফর মিয়া কিছুদিন পূর্বে নদীতে মাছ ধরে জীবিকা নির্বাহ করত, এখন ঢাকায় রিকশা চালায়। কারণ নদীতে আগে প্রচুর মাছ পাওয়া গেলেও এখন আর তেমন মাছ পাওয়া যায় না। কারণ বছরের বেশির ভাগ সময় নদীতে পানি থাকে না। এমনকি বর্ষা মৌসুমেও এখন পানির দেখা মেলে না। আবার হঠাৎ হঠাৎ প্রচণ্ড বন্যায় সবকিছু তলিয়ে যায়। তাই অধিকাংশ জেলে কর্মহীন হয়ে বৃত্তি পরিবর্তন করে অন্য বৃত্তিতে নিয়োজিত হচ্ছে।

ক. প্রথম অটিজম শনাক্তকারী ডাক্তারের নাম কী? ১

খ. ওজোন স্তর কী? ২

গ. উদ্দীপকে জাফর মিয়ার বৃত্তি পরিবর্তনে কীসের প্রভাব লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'বাংলাদেশের মানুষের সামগ্রিক অবস্থায় উক্ত পরিবর্তনের প্রভাব অত্যন্ত গভীর'— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৭। আব্দুল জলিল তিন সন্তানের জনক। বড় ছেলে চাকরি করে এবং অন্য দুই ছেলে স্থানীয় কলেজে লেখাপড়া করে। কিছুদিন পূর্বে বড় ছেলের বিয়ে দেন। কিন্তু চাকরি করার কারণে আব্দুল জলিলের বড় ছেলে তার স্ত্রীকে নিয়ে ঢাকায় বসবাস করেন এবং গ্রামে মা-বাবার জন্য টাকা পাঠান।

ক. ইংরেজি 'Family' শব্দটি কোন শব্দ থেকে গৃহীত হয়েছে? ১

খ. বিবাহ কাকে বলে? ২

গ. উদ্দীপকে আব্দুল জলিলের বড় ছেলের পরিবারটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশে উক্ত পরিবারের গুরুত্ব আলোচনা কর। ৪

৮। আসাদ বিয়ে করেছেন তিন মাস হলো কিন্তু তিনি ভাবছেন বিয়ের সময় চুক্তিকৃত সব টাকা ও উপহার এখনও বাকি রয়েছে। তাই নাজমাকে প্রায়ই চাপ দিচ্ছেন কিন্তু এতে ফল না পাওয়ায় নাজমাকে শারীরিক ও মানসিক নির্যাতন শুরু করেন। বর্তমানে নির্যাতনের মাত্রা সহ্যের সীমা ছাড়িয়েছে।

ক. মাদক নিয়ন্ত্রণ অধ্যাদেশ কোন সালে পাস হয়? ১

খ. সামাজিক আইন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে নাজমা কোন আইনের মাধ্যমে সহায়তা পেতে পারেন? ব্যাখ্যা দাও। ৩

ঘ. উদ্দীপকের আসাদের মতো ব্যক্তিদের সৃষ্ট অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি রোধের উদ্দেশ্যে এ আইনটি প্রণীত হয়েছে— মতামত দাও। ৪

৯। গ্রামের মেয়ে শিমু সেলাই প্রশিক্ষণ নিয়ে সরকারি কর্মসূচির আওতায় সুদমুক্ত ঋণে সেলাই মেশিন ক্রয় করেছে। বাড়িতে বসে জামাকাপড় তৈরি করে সে বিভিন্ন দোকানে এগুলো সরবরাহ করে। এর মাধ্যমে সে জীবিকা নির্বাহ করে।

ক. UNICEF-এর পূর্ণরূপ কী? ১

খ. হাসপাতাল সমাজসেবা বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে ইঙ্গিতপূর্ণ কর্মসূচি কোনটি? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কর্মসূচির সীমাবদ্ধতাসমূহ বিশ্লেষণ কর। ৪

১০। সমাজের অসৎ মহাজনদের সুদের জাল হতে রক্ষা করতে জনাব 'ক' একটি আর্থিক প্রতিষ্ঠান চালু করেন। তিনি ভূমিহীন ও দরিদ্র কৃষকদের মাঝে স্বল্প সুদে ঋণদান শুরু করেন। বিনা জামানতে ঋণ গ্রহণ করে ভূমিহীন ও দরিদ্র কৃষকরা এখন স্বাবলম্বী। এমন জনকল্যাণমূলক কাজের জন্য তার প্রতিষ্ঠান এবং তিনি নিজেই আন্তর্জাতিক পুরস্কার লাভ করেন।

ক. ব্র্যাকের প্রতিষ্ঠাতা কে? ১

খ. বেসরকারি সংস্থা বলতে কী বোঝায়? ২

গ. জনাব 'ক' যে প্রতিষ্ঠান তৈরি করেছেন তার লক্ষ্য-উদ্দেশ্য ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির কার্যক্রম আলোচনা কর। ৪

১১। জালাল হোসেন একটি মানবকল্যাণধর্মী প্রতিষ্ঠানে চাকরি করেন। এ প্রতিষ্ঠানটি জাতিসংঘের অন্তর্ভুক্ত একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানটি শিশুদের খাদ্য, পুষ্টি ও নিরাপত্তা বিধানের জন্য কাজ করে। পৃথিবীর বিভিন্ন দেশে এ প্রতিষ্ঠানটি তাদের সেবাকর্ম পরিচালনা করে থাকে।

ক. ইউসেপ-এর প্রতিষ্ঠাতার নাম কী? ১

খ. রেড ক্রিসেন্ট প্রতিষ্ঠানের মূল কাজ কী? ২

গ. উদ্দীপকে জালাল হোসেন কোন প্রতিষ্ঠানে কর্মরত? ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশে শিশুকল্যাণে এ প্রতিষ্ঠানের গুরুত্ব আলোচনা কর। ৪

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজকর্ম দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। সুমন আট সন্তানের জনক। পরিবারের সকল সদস্য নিয়ে একই ঘরে বাস করে। অর্থাভাবে সে তার সন্তানদের স্কুলে পাঠাতে পারছে না। পরিবারের কোনো সদস্য অসুস্থ হলে তাকে ডাক্তার দেখানো সম্ভব হয় না। এমনকি তার পরিবারে আনন্দ উৎসব করার মতো কোনো ব্যবস্থাও নেই।

ক. বাংলাদেশে মৌল মানবিক চাহিদাগুলোর নাম লেখ। ১
খ. মৌল মানবিক চাহিদার একটি তাৎপর্য ব্যাখ্যা কর। ২
গ. সুমনের পরিবারের অবস্থা মৌল মানবিক চাহিদা পূরণের কোন অবস্থা নির্দেশ করে, নিরূপণ কর। ৩
ঘ. সুমনের মতো পরিবারগুলো মৌল মানবিক চাহিদা পূরণ করতে না পেরে কী ধরনের সমস্যার সৃষ্টি করে, বিশ্লেষণ কর। ৪

২। রাহেলা আক্তার স্বপ্না সুযোগের অভাবে লেখাপড়া করতে পারেনি। শহরে গিয়ে গার্মেন্টস ফ্যাক্টরিতে চাকরি করে কোনোমতে জীবিকা নির্বাহ করছে। হঠাৎ করেই অসুস্থ হয়ে যাওয়ার পর রাহেলা আক্তার অসুস্থ অবস্থায় ঘরেই পড়ে আছে। টাকা পয়সার অভাবে ডাক্তারের কাছে যেতে পারছে না।

ক. 'Shelter'-এর বাংলা প্রতিশব্দ কী? ১
খ. মৌল মানবিক চাহিদার দুটি বৈশিষ্ট্য লেখ। ২
গ. উদ্দীপকে উল্লিখিত রাহেলা আক্তার স্বপ্নার মধ্যে কোন দুটি মৌল মানবিক চাহিদার অভাব বিশেষভাবে পরিলক্ষিত হচ্ছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উল্লিখিত অপূরিত মৌল মানবিক চাহিদা দুটির গুরুত্ব আলোচনা কর। ৪

৩। বুশরা নবম শ্রেণির ছাত্রী। নবম শ্রেণিতে তার পরীক্ষার ফলাফলে বিপর্যয় ঘটেছে। শিক্ষক বিষয়টি বুশরার বাবাকে অবহিত করেন। তিনি বিষয়টি নিয়ে একটি সমাজসেবা এজেন্সির শরণাপন্ন হন। কর্মকর্তা সমস্যাটি চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে উদ্যোগী হন।

ক. ক্লিনিক্যাল সমাজকর্ম কী? ১
খ. প্রবীণকল্যাণ সমাজকর্ম বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে সমাজকর্মের কোন শাখার মাধ্যমে বুশরার সমস্যার সমাধান করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে অনুশীলনকৃত সমাজকর্মের শাখাটির কার্যকারিতা বাংলাদেশের প্রেক্ষিতে মূল্যায়ন কর। ৪

৪। সুমনের বাবা একজন সরকারি কর্মকর্তা। বাবার কর্মস্থল পরিবর্তনের সাথে সাথে সুমনের বিদ্যালয়ও পরিবর্তিত হয়। কয়েক বছর অন্তর অন্তর তাকে নতুন বিদ্যালয়, শিক্ষক, সহপাঠী ও পরিবেশের সাথে সামঞ্জস্য বিধান করতে হয়। ছোট থেকে এমন পরিস্থিতির কারণে তার লেখাপড়া চরমভাবে বিঘ্নিত হয়। তাই একাদশ শ্রেণিতে ভর্তি হওয়ার পর সে সম্পূর্ণ অনিয়মিত ও অমনোযোগী হয়ে পড়ে।

ক. কোন দেশে প্রথম চিকিৎসা সমাজকর্মের প্রয়োগ শুরু হয়? ১
খ. সাইকিয়াট্রিক সমাজকর্ম কী? ২
গ. সুমনের জন্য সমাজকর্মের যে শাখার জ্ঞান অপরিহার্য তা চিহ্নিত করে ব্যাখ্যা কর। ৩
ঘ. আমাদের দেশের বাস্তবতায় উক্ত শাখার প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

৫। জনি নগদ ২ লক্ষ টাকা নিয়ে মনিকে বিয়ে করে। ৬ মাস পর ব্যবসা করার উদ্দেশ্যে জনি শ্বশুরের কাছে ৩ লক্ষ টাকা দাবি করে। মনির বাবা এতে হার্ট অ্যাটাকে মারা যায় এবং মনি নির্যাতনের শিকার হয়।

ক. ধর্ম কী? ১
খ. সামাজিক আইন বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত মনির সমস্যাটির কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. মনির সমস্যার সমাধানে একজন সমাজকর্মীর ভূমিকা কী হতে পারে? আলোচনা কর। ৪

৬। বাংলাদেশের ছেলেমেয়েদের বিবাহের বয়স যথাক্রমে ২১ বছর ও ১৮ বছর। কিন্তু বাংলাদেশের বিভিন্ন জায়গায় উল্লিখিত বয়সের আগেই ছেলেমেয়েদের মধ্যে বিবাহ সম্পন্ন হচ্ছে অহরহ, যা কিনা আইন পরিপন্থি।

ক. Problem শব্দটি কোন শব্দ থেকে এসেছে? ১
খ. বাংলাদেশে বিদ্যমান দুটি সামাজিক সমস্যার নাম লেখ। ২
গ. উদ্দীপকে কোন সামাজিক সমস্যাটির কথা মনে করিয়ে দেয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত সামাজিক সমস্যাটির কারণ উল্লেখপূর্বক আলোচনা কর। ৪

৭। মি. উৎপল ও বীণা পরিবারের প্রধান। তাদের পরিবারে তাদের দুই সন্তান। তারা সন্তানদের ভরণপোষণ ছাড়াও তাদের লেখাপড়া, শিক্ষা সামাজিকীকরণ ইত্যাদি কাজ করে থাকেন।

ক. বিবাহ কাকে বলে? ১
খ. জঙ্গিবাদ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে মি. উৎপল ও বীণার পরিবারের সাথে বাংলাদেশের পরিবারগুলোর কার্যাবলির সামঞ্জস্য দেখাও। ৩
ঘ. উদ্দীপকে পরিবারের সবগুলো কাজ প্রকাশিত হয়নি— কথাটির যথার্থতা নিরূপণ কর। ৪

৮। মি. করিম তার আদরের মেয়েকে রহিমের সাথে বিয়ে দেন। বিয়ের সময় মি. করিম ছেলেকে একটি মোটরসাইকেল ও ৫০,০০০ টাকা দেওয়ার প্রতিশ্রুতি দেন। কিন্তু মোটরসাইকেল দিতে পারলেও ৫০,০০০ টাকার মাত্র ১০,০০০ টাকা দিতে পারেন। বিয়ের ৬ মাসের মধ্যেই বাকি টাকা এনে দেওয়ার জন্য রহিম পুত্রবধূর ওপর চাপ প্রয়োগ করেন।

ক. বাংলাদেশে শুধুমাত্র মুসলিম নারী ও শিশুকল্যাণে প্রযোজ্য আইনের নাম কী? ১
খ. সামাজিক আইন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে যে সমস্যার প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের সমস্যাটি মোকাবিলায় বাংলাদেশে প্রচলিত আইনটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৯। তানিয়া তার বাবা-মায়ের সাথে শহরে বস্তি এলাকায় বসবাস করে। সেখানে পরিবেশ অত্যন্ত নোংরা, বিশুদ্ধ পানীয় জলের অভাব, অস্বাস্থ্যকর পরিবেশে নানারকম রোগবালাই লেগেই থাকে। অধিকাংশ দম্পতির অনেক সন্তান।

ক. শহর সমাজসেবা কার্যক্রম শুরু হয় কত সালে? ১
খ. গ্রামীণ সমাজসেবার বৈশিষ্ট্য বর্ণনা কর। ২
গ. উদ্দীপকে তানিয়ার এলাকার জন্য সরকারের শহর সমাজসেবা কার্যক্রমের কোন কার্যক্রম প্রয়োজ্য? নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের কার্যক্রম ছাড়াও শহর সমাজসেবার আরও কার্যক্রম রয়েছে— কথাটি বিশ্লেষণ কর। ৪

১০। ১৯৭২ সালে স্যার ফজলে হাসান আবেদ একটি বেসরকারি সংগঠন প্রতিষ্ঠা করেন। সংস্থাটির উন্নয়ন স্লোগান হলো— দারিদ্র্য দূরীকরণ এবং দরিদ্রদের ক্ষমতায়ন, ঋণদান, শিক্ষা ও স্বাস্থ্য এই সংস্থার মূল কাজ।

ক. গ্রামীণ ব্যাংক কত সালে নোবেল পুরস্কার পায়? ১
খ. গ্রামীণ ব্যাংকের একটি উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন বেসরকারি সমাজ উন্নয়ন সংস্থার কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বেসরকারি সংস্থার ভূমিকা মূল্যায়ন কর। ৪

১১। সিমরান একজন শিক্ষিকা। তার একমাত্র মেয়ে তাবিয়া মীনা কার্টুনের ভক্ত। তিনি মেয়েকে বলেন, মীনা কার্টুন একটি আন্তর্জাতিক সংস্থার বিশেষ কার্যক্রমের অংশ, যেখানে নারী শিক্ষার গুরুত্ব দেখানো হয়। তাছাড়া সংস্থাটি বাংলাদেশে আরও বহু কার্যক্রম পরিচালনা করছে।

ক. অটিজম কী? ১
খ. ইউএনডিপির দুটি উদ্দেশ্য লেখ। ২
গ. উদ্দীপকে সিমরান কোন আন্তর্জাতিক সংস্থার প্রতি ইঙ্গিত করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের নারী ও শিশুদের উন্নয়নে উক্ত সংস্থার কার্যক্রমগুলো বিশ্লেষণ কর। ৪

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩

বিষয় কোড : 2 7 2

## সমাজকর্ম দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট

পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. প্রাক-জন্মাবস্থায়ও কোন মৌল মানবিক চাহিদাটি প্রয়োজন?**
K স্বাস্থ্য L বস্ত্র
M খাদ্য N বাসস্থান

**২. কোন মৌল মানবিক চাহিদাটি বেশি গুরুত্বপূর্ণ?**
K খাদ্য L বিনোদন
M শিক্ষা N বস্ত্র

**৩. গলগণ্ড রোগ হয় কিসের অভাবে?**
K ভিটামিন-এ L ভিটামিন-বি
M ভিটামিন-সি N আয়োডিন

**৪. বাংলাদেশে মৌলিক মানবিক চাহিদা পূরণের প্রধান অন্তরায়–**
K অতিরিক্ত জনসংখ্যা L বেকারত্ব
M প্রাকৃতিক দুর্যোগ
N অনুন্নত যোগাযোগ ব্যবস্থা

**৫. বাংলাদেশের সামগ্রিক পরিস্থিতি জটিল করে তুলেছে বিভিন্ন ধরনের সামাজিক সমস্যা যেমন–**
i. স্বাস্থ্যহীনতা ii. নির্ভরশীলতা
iii. নিরক্ষরতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii M i ও iii N i, ii ও iii

**৬. নিচের কোনটি সমাজকর্মের শাখা?**
K দল সমাজকর্ম L ব্যক্তি সমাজকর্ম
M সমষ্টি সমাজকর্ম N বিদ্যালয় সমাজকর্ম

**৭. চিকিৎসা সমাজকর্মের বর্তমান নাম কী?**
K ক্লিনিক্যাল সমাজসেবা
L হাসপাতাল সমাজসেবা
M সাইকিয়াট্রিক সমাজকর্ম
N সেবামূলক সমাজকর্ম

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
রায়হানের একমাত্র ছেলে সড়ক দুর্ঘটনায় মারা যায়। এতে ছেলেকে হারিয়ে রায়হানের স্ত্রী মানসিকভাবে বিকারগ্রস্ত। এমতাবস্থায় রায়হান সাহেব তার স্ত্রীকে স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে সুষ্ঠু জীবনযাপনে সহায়তা করার জন্য সমাজকর্মী তামান্নাকে অনুরোধ করেন।

**৮. রায়হান সাহেবের স্ত্রীকে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতে সমাজকর্মী তামান্না সমাজকর্মের কোন শাখার জ্ঞান প্রয়োগ করবে?**
K সাইকিয়াট্রিক সমাজকর্ম
L চিকিৎসা সমাজকর্ম
M ক্লিনিক্যাল সমাজকর্ম
N বিদ্যালয় সমাজকর্ম

**৯. এক্ষেত্রে সমাজকর্মী তামান্নার করণীয় হবে–**
i. পারিবারিক থেরাপি প্রদান
ii. ব্যক্তিগতভাবে সমাধানে ব্যবস্থা গ্রহণ
iii. দলীয়ভাবে সেবা কার্যক্রম পরিচালনা করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১০. বাল্যবিবাহ নিরোধ আইন, ১৯২৯ অনুযায়ী মেয়েদের বিবাহের সর্বনিম্ন বয়স হলো?**
K ১৬ L ১৭ M ১৮ N ১৯

**১১. "সামাজিক সম্পর্কের অস্বাভাবিকতাই সামাজিক সমস্যা"— উক্তিটি কার?**
K লরেন্স কে. ফ্রাঙ্ক
L এইচ. এ. ফেলপ্স
M পি. বি. হর্টন
N কি. এম. কেইস

**১২. শিশুর জন্মের পর সাধিত হয়–**
i. শারীরিক বিকাশ
ii. ভ্রূণগত বিকাশ
iii. মানসিক বিকাশ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৩. "সামাজিক প্রতিষ্ঠান হলো সমাজের একটি কাঠামো বিশেষ, যা প্রধানত সুপ্রতিষ্ঠিত পদ্ধতির মাধ্যমে জনগণের চাহিদা পূরণ করে থাকে।"— সংজ্ঞাটি কার?**
K PB Horton
L Sumner and Keller
M MacIver and Page
N Bogardus

**১৪. ইংরেজি 'Religion' শব্দটি ল্যাটিন কোন শব্দ থেকে উদ্ভূত?**
K Religere L Region
M Religi N Regun

**১৫. আইন কোন ধরনের শব্দ?**
K ফারসি L আরবি
M গ্রিক N ল্যাটিন

**১৬. 'যৌতুক নিরোধ আইন' কত সালে প্রণীত হয়?**
K ১৯২৯ L ১৯৬১
M ১৯৮০ N ১৯৮৯

**১৭. কার মাধ্যমে আইন প্রয়োগকারী সংস্থা বিভিন্ন উপায়ে সুবিধাপ্রাপ্ত হয়ে থাকে?**
K সমাজকর্মীর L রাজনীতিবিদের
M কৃষকের N শ্রমিকের

**১৮. মুসলিম পারিবারিক আইনটি যে উদ্দেশ্যে প্রণয়ন করা হয়–**
i. বহুবিবাহ রোধ
ii. পারিবারিক বিষয়াদি নিয়ন্ত্রণ
iii. ব্যক্তিগত সম্পর্ক নিয়ন্ত্রণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৯. নিচের কোনটি সরকারি সমাজ উন্নয়ন সংস্থা?**
K RSS L ব্র্যাক
M UNDP N ইউনিসেফ

**২০. RSS কত সালে চালু হয়?**
K ১৯৫৪ L ১৯৫৫
M ১৯৭৪ N ১৯৮৬

**২১. বাংলাদেশের শহরাঞ্চলের বিকাশ পরিকল্পিতভাবে না হওয়ার ফলে কোন সমস্যা বেড়েই চলছে?**
K গ্রামীণ সমসস্যা L শহর সমস্যা
M যৌতুক সমস্যা
N প্রতিবন্ধী সমস্যা

**২২. রাষ্ট্রীয় পর্যায়ে জনগণের দায়-দায়িত্বের স্বীকৃতিস্বরূপ কীরূপ রাষ্ট্রের সৃষ্টি হয়েছে?**
K একক রাষ্ট্রের L যুক্তরাষ্ট্রের
M প্রজাতান্ত্রিক রাষ্ট্রের
N কল্যাণ রাষ্ট্রের

**২৩. কোন সালে ব্র্যাক প্রতিষ্ঠিত হয়?**
K ১৯৭১ L ১৯৭২
M ১৯৭৩ N ১৯৭৬

**২৪. গ্রামীণ ব্যাংক কত সালে শান্তিতে নোবেল পুরস্কার পায়?**
K ২০০৫ L ২০০৬
M ২০০৭ N ২০০৮

■ **অনুচ্ছেদটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
রহিমা আক্তার একটি সংস্থা থেকে জামানতবিহীন ৮,০০০ টাকা ঋণ গ্রহণ করে স্বামীর অনুপ্রেরণায় হাঁস-মুরগির খামার শুরু করেন। বর্তমানে রহিমা সংস্থার কিস্তি পরিশোধের পাশাপাশি ২ সন্তানের লেখাপড়া চালিয়ে যাচ্ছেন। এছাড়া তিনি সমিতির সভানেত্রীর দায়িত্ব পালন করছেন।

**২৫. রহিমা আক্তারের কার্যক্রমে যা প্রত্যক্ষ করা যায়, তা হচ্ছে–**
i. অকৃষি খাতে কর্মসংস্থান
ii. অবহেলিত গোষ্ঠীর নেতৃত্বের বিকাশ
iii. আত্মকর্মসংস্থান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৬. রহিমা আক্তারের সাফল্য সমাজে অবদান রাখবে–**
i. শিক্ষার হার বৃদ্ধিতে
ii. নারীর ক্ষমতায়নে
iii. তৃণমূল পর্যায়ে সংগঠন তৈরিতে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৭. 'Health for all' ঘোষণাটি দিয়েছে–**
K UNICEP L WHO
M ILO N UNDP

**২৮. নিচের কোন সংস্থাটি শিশু শিক্ষায় সহায়তা দিয়ে থাকে?**
K ইউএনডিপি L ইউনিসেফ
M ব্র্যাক N গ্রামীণ ব্যাংক

**২৯. ইউনিসেফের শান্তিতে নোবেল পুরস্কার লাভের যুক্তিযুক্ত কারণ হলো–**
i. শিশুকল্যাণমূলক কার্যক্রম পরিচালনা
ii. নারীকল্যাণমূলক কার্যক্রম পরিচালনা
iii. বিশ্বশান্তি প্রতিষ্ঠায় অগ্রণী ভূমিকা
**নিচের কোনটি সঠিক?**
K i ও iii L ii ও iii M i ও ii N i, ii ও iii

**৩০. লিঙ্গ সমতা ও নারীর উন্নয়নে ভূমিকা রাখে কোন প্রতিষ্ঠান?**
K UNDP L ব্র্যাক
M UNICEF N গ্রামীণ ব্যাংক

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪

## সমাজকর্ম দ্বিতীয় পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট — পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. সমাজবিজ্ঞানী চার্লট টোলে তাঁর 'Common Human Needs' গ্রন্থে কয়টি মৌলিক মানবিক চাহিদার কথা উল্লেখ করেছেন?**
K ৪ L ৫ M ৬ N ৭

**২. কোনটি মানুষের কর্মস্পৃহা পুনরুজ্জীবিত করে?**
K চিত্তবিনোদন L শিক্ষা
M বস্ত্র N খাদ্য

**৩. মানব সমাজের আদিমতম মৌলিক সামাজিক প্রতিষ্ঠান কোনটি?**
K ধর্মীয় প্রতিষ্ঠান L পরিবার
M খেলার মাঠ N শিক্ষাপ্রতিষ্ঠান

**৪. কোনটি বাড়লে মৌল মানবিক চাহিদাগুলো সঠিকভাবে পূরণ করা যাবে?**
K ব্যয় L আয়
M জনসংখ্যা N সম্পদ

**৫. ঘুম কোন ধরনের চাহিদা?**
i. মৌল মানবিক চাহিদা
ii. মৌলিক চাহিদা
iii. মানবিক চাহিদা
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M iii N i, ii ও iii

**৬. 'Rapport' বলতে সমাজকর্মে কী বোঝায়?**
K সমাজকর্মীর দায়িত্ব
L সমাজকর্মীর সীমাবদ্ধতা
M সমাজকর্মী ও সাহায্যার্থীর পেশাগত সম্পর্ক
N মাঠকর্মী ও একাডেমিক তত্ত্বাবধায়কের দায়িত্ব

**৭. বিদ্যালয় সমাজকর্ম চালু হয় কোন দেশে?**
K আমেরিকা L বাংলাদেশ
M যুক্তরাজ্য N চীন

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
মোহন মিয়া অর্থসম্পদশালী একজন প্রবীণ ব্যক্তি। তার চার ছেলে সবাই উচ্চশিক্ষিক হয়ে দেশের বিভিন্ন শহরে চাকরিজনিত কারণে অবস্থান করছেন। তাই জীবন সায়াহ্নে এসে মোহন মিয়া তার স্ত্রীকে নিয়ে বাধ্য হয়ে গ্রামের স্থায়ী নিবাসে বসবাস করছেন।

**৮. উদ্দীপকের মোহন মিয়ার নিরাপত্তাহীনতার জন্য দায়ী—**
K উচ্চ শিক্ষা ব্যবস্থা
L ত্রুটিপূর্ণ শিক্ষাব্যবস্থা
M শিল্পায়ন ও শহরায়ন
N মূল্যবোধের দ্বন্দ্ব

**৯. মোহন মিয়ার মতো প্রবীণদের জন্য একজন সমাজকর্মীর করণীয়—**
i. মানসিক সমর্থন প্রদান করা
ii. সন্তানদের উপযুক্ত শাস্তি প্রদানের ব্যবস্থা করা
iii বাস্তবতাকে মেনে নেওয়ার আহ্বান জানানো
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১০. কোনটি সামাজিক সমস্যা?**
K দারিদ্র্য L খরা
M বন্যা N নদীভাঙন

**১১. সমাজের সমস্যাগুলো কেমন?**
K আন্তঃসম্পর্কীয়
L বহিঃসম্পর্কীয়
M দূরসম্পর্কীয়
N নেতিবাচক সম্পর্কীয়

**১২. অটিজম বলতে বোঝায়—**
i. দৃষ্টিগত সমস্যা
ii. শ্রবণগত সমস্যা
iii. মানসিক অপূর্ণতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৩. ইংরেজি 'Family' শব্দটি ল্যাটিন কোন শব্দ থেকে উদ্ভূত?**
K Familous L Familiar
M Famolus N Famulus

**১৪. আইন প্রয়োগকারী সংস্থা কয় ধরনের?**
K ২ L ৩ M ৪ N ৫

**১৫. 'Legislation' শব্দটির অর্থ কী?**
K প্রণীত আইনসমূহ L আইন
M রাষ্ট্রীয় আইন N আইনপ্রণেতা

**১৬. আইন প্রয়োগকারী সংস্থা নারীর অধিকার রক্ষার্থে প্রয়োগ করে থাকে—**
K শক্তি L সামর্থ্য
M বল N আইন

**১৭. আইনজীবী ছাড়া কোন আদালতের বিচারকার্য পরিচালিত হয়?**
K পারিবারিক আদালত
L কিশোর আদালত
M উচ্চ আদালত
N নিম্ন আদালত

**১৮. সামাজিক আইনের উদ্দেশ্য হলো—**
i. সামাজিক নিরাপত্তা নিশ্চিত করা
ii. মানুষের আচরণ নিয়ন্ত্রণ করা
iii. সামাজিক সাম্য প্রতিষ্ঠা করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৯. গ্রামীণ সমাজসেবা কার্যক্রম কত সালে শুরু হয়?**
K ১৯৫৪ L ১৯৭৪
M ১৯৮৫ N ১৯৯০

**২০. শহর সমাজসেবা গৃহীত হয় কোন সালে?**
K ১৯৪৭ L ১৯৫৪
M ১৯৭৪ N ১৯৮১

**২১. USS-এর পূর্ণরূপ কোনটি?**
K Urban Social Service
L Urbanc Social Service
M Urban Socialy Service
N Urbane Societyh Servico

**২২. "এমন একটি পৃথিবী, যেখানে কোনো প্রকার শোষণ ও বৈষম্য থাকবে না এবং প্রতিটি মানুষের নিজস্ব সম্ভাবনা বিকাশের সুযোগ থাকবে।" এটি কোন বেসরকারি সমাজ উন্নয়ন সংস্থার ভিশন?**
K গ্রামীণ ব্যাংক L ব্র্যাক
M ইউসেপ N প্রবীণ হিতৈষী সংঘ

**২৩. ব্র্যাক কাজ করে কীভাবে?**
K একমুখী L ঊর্ধ্বমুখী
M নিম্নমুখী N বিভিন্ন স্তরভিত্তিক

**২৪. গ্রামীণ ব্যাংকের ক্ষুদ্রঋণ কার্যক্রমটি পরিচালিত হয় কীভাবে?**
K ব্যক্তিগতভাবে L সরকারিভাবে
M একক পদ্ধতিতে N দলীয় পদ্ধতিতে

■ **উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
খুশি তার গ্রামের একটি স্কুলে পড়াশোনা করে যেটি একটি সুপরিচিত এনজিও দ্বারা পরিচালিত হয়। শিক্ষা কার্যক্রম ছাড়াও বাংলাদেশের উন্নয়নে সংস্থাটি ১৯৭৬ সাল থেকে কাজ করে আসছে।

**২৫. খুশি কোন সংস্থা কর্তৃক পরিচালিত স্কুলে পড়াশোনা করে?**
K গ্রামীণ ব্যাংক L আশা
M ব্র্যাক N প্রশিকা

**২৬. উক্ত সংস্থার কার্যক্রমের অন্তর্ভুক্ত হলো—**
i. পল্লি উন্নয়ন কার্যক্রম
ii. শিক্ষামূলক কার্যক্রম
iii. স্বাস্থ্যবিষয়ক কার্যক্রম
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৭. বাংলাদেশে আন্তর্জাতিক সংস্থার অনুপ্রবেশ ঘটেছিল কেন?**
K জাতিসংঘের ইচ্ছা বাস্তবায়নে
L রাজনৈতিক কৌশলের অংশ হিসেবে
M যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশের পুনর্গঠনে
N সামাজিক ব্যবস্থার কৌশল হিসেবে

**২৮. UNDP-এর সদর দফতর কোথায়?**
K নিউইয়র্ক L বোস্টন
M ওয়াশিংটন N জেনেভা

**২৯. UNDP-এর লক্ষ্য হচ্ছে—**
K উন্নয়নশীল বিশ্ব L নিরক্ষরমুক্ত বিশ্ব
M রোগমুক্ত বিশ্ব N দারিদ্র্যমুক্ত বিশ্ব

**৩০. আন্তর্জাতিক সংস্থার মূল লক্ষ্য হিসেবে যা অধিক যুক্তিযুক্ত—**
i. দারিদ্র্য দূরীকরণ
ii. বিভিন্ন রোগপ্রতিরোধ
iii. বিভিন্ন দুর্যোগ মোকাবিলা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii